



## আর্লি চাইল্ডহুড সেটিংসে খেলাচ্লে শেখা

BENGALI

### খেলাধুলা কী?

পৃথিবী জুড়ে গবেষণায় দেখা গেছে যে শিশুরা অর্থপূর্ণ খেলাধুলা ভিত্তিক অভিজ্ঞতার সাথে জড়িত থাকার সময় শেখে এবং বিকাশ লাভ করে।

“শিশুদের বুদ্ধিবৃত্তিক, শারীরিক, সামাজিক এবং সৃজনশীল সক্ষমতার বিস্তৃত পরিসরকে উদ্দীপিত ও সংহত করতে খেলাধুলা অপরিহার্য। কার্যকরী শৈশবকালীন প্রাথমিক চর্চাগুলো শিশুদের সাথে টেকসই এবং শেয়ারকৃত মিথস্ক্রিয়াকে সহায়তা প্রদানের জন্য সমন্বিত শিক্ষাদান এবং শেখার পদ্ধতি ব্যবহার করে। খেলাধুলা এবং অন্যান্য সুযোগের মাধ্যমে শিশুরা সামাজিক ও প্রাকৃতিক জগৎ, মানুষ, স্থান, বস্তু এবং সেসব অভিজ্ঞতা সম্পর্কে ধারণা তৈরি করতে শেখে যেগুলোর সাথে তারা প্রতিদিন সম্মুখীন হয়।”

- VEYLDF, 2016, pg. 14

খেলাধুলা স্বাভাবিকভাবেই আপনার শিশুর কাছে আসে এবং এটি তাদের শেখার ও বিকাশের একটি গুরুত্বপূর্ণ অংশ। খেলাধুলা আপনার শিশুকে তাদের জগতের উপলব্ধি করতে এবং পরিচয়ের একটি শক্তিশালী উপলব্ধি বিকাশ করতে সাহায্য করে। খেলাচ্লে আপনার শিশু কল্পনা করতে, ভান করতে, তৈরি করতে, অন্বেষণ করতে, অনুসন্ধান করতে, যোগাযোগ করতে, প্রশ্ন করতে, কথা বলতে, শুনতে, চিন্তা করতে, অনুভব করতে, স্পর্শ করতে এবং ঘ্রাণ নিতে পারে। খেলার মধ্যে রয়েছে আপস করা, সমস্যা সমাধান করা, ঝুঁকি নেওয়া, নতুন জিনিস চেষ্টা করা এবং জিনিসগুলো কিভাবে কাজ করে তা দেখা। আপনার শিশু নিজের এবং অন্যদের সম্পর্কে শিখবে, খেলার নিয়ম শিখবে, বন্ধু তৈরি করবে, সম্পর্ক গড়ে তুলবে এবং তাদের শিক্ষক ও অন্য শিশু সহ তাদের আশেপাশের লোকদের বিশ্বাস করবে।

শিশুরা মাঝেমাঝে একা খেলবে, অন্য এক বা দুইটি শিশুর সাথে খেলবে এবং শিশুদের ছোট বা বড় দলে খেলবে। খেলাধুলা কোলাহলপূর্ণ বা শান্ত, নিষ্ক্রিয় বা সক্রিয় হতে পারে।

“নিরবচ্ছিন্ন খেলার সময়কাল শিশুদের উদ্ভাবন, অনুসন্ধান এবং আবিষ্কার করতে সময় দেয়, যখন সমৃদ্ধ বৈচিত্র্যময় ওপেন-এন্ডেড উপকরণ ও রিসোর্স ব্যবহার করে।”

- VEYLDF, 2016, pg. 21

### খেলাচ্লে শেখা

শিক্ষক এবং প্রশিক্ষকগণ পরিষেবায় যোগদানকারী প্রত্যেক শিশুর ব্যক্তিগত আগ্রহ এবং চাহিদা পূরণের জন্য একটি প্রোগ্রামের পরিকল্পনা করেন। তারা একটি উন্মুক্ত শিক্ষার পরিবেশে খেলা-ভিত্তিক বিস্তৃত অভিজ্ঞতা প্রদান করার মাধ্যমে এটি করেন, যেখানে শিশুরা গৃহমধ্যস্থ এবং বহিরঙ্গন স্থানগুলোর মধ্যে অবাধে চলাফেরা করতে পারে।

সেখানে সঙ্গীত, গল্প এবং আলোচনার মতো কিছু নির্দেশিত আনুষ্ঠানিক কার্যক্রম থাকবে। দিনের একটি বড় অংশের জন্য, শিশুরা কোথায় খেলবে, কার সাথে খেলবে এবং কতক্ষণ তারা একটি নির্দিষ্ট খেলার কার্যকলাপে কাটাতে সেব্যাপারে নিজেই সিদ্ধান্ত নেবে। শিশুদের সাহায্যের প্রয়োজন হলে শিক্ষকগণ সহায়তা এবং নির্দেশনা প্রদান করবেন।

শিক্ষকগণ শিশুদের শেখার জন্য ভালোবাসা সৃষ্টি করতে, কৌতূহলী, জ্ঞানলিপ্সু এবং তাদের জগৎ এবং তাদের সাথে দেখা হওয়া লোকদের প্রতি আগ্রহী হতে সাহায্য করার জন্য বিভিন্ন শিক্ষা কৌশল ব্যবহার করবেন। তারা খেলাটি পরিচালনা করতে পারে, খেলার নেতৃত্ব দিতে পারে বা আত্ম-পরিচালিত খেলায় শিশুদের পর্যবেক্ষণ করতে পারে।

## খেলার সময় শিশুরা কী শিখছে?

খেলাধুলা শিশুদের কথা বলার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার, শব্দভাণ্ডার এবং ভাষা, সাক্ষরতা, সংখ্যাগ্ঞান এবং সামাজিক দক্ষতা বিকাশ ও চর্চা করার সুযোগ প্রদান করে। কিভাবে যোগাযোগ করতে হয় এবং অন্য মানুষের সাথে সম্পর্ক স্থাপন করতে হয় তা শিশুরা খেলাচ্লে শিখছে।

শিশুরা যা পর্যবেক্ষণ করেছে তা কার্যকর করতে তাদের কল্পনাশক্তিও ব্যবহার করে, উদাহরণস্বরূপ;

- খাবার প্রস্তুত করার ভান করা
- কোনো শিশুর যত্ন নেওয়া
- ফায়ার ফাইটার, ডাক্তার বা দোকানদার হওয়া।

এটি শিশুদের তাদের জগৎ এবং তাদের সম্প্রদায়কে বুঝা এবং উপলব্ধি করা শিখতে সাহায্য করে।

*“নাটকজাতীয় খেলা বিশ্ব সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হওয়ার ধারণা সহ বিভিন্ন পরিচয় এবং দৃষ্টিভঙ্গি অন্বেষণের জন্য গুরুত্বপূর্ণ। ব্যক্তি ও গোষ্ঠীর মধ্যে মিল এবং পার্থক্য নির্ণয় করতে এবং বিভিন্ন দৃষ্টিকোণকে সম্মান করতে শিশুদের সহায়তা প্রদান করা উচিত।”*

- VEYLDF, 2016, pg. 18

যখন আপনার শিশু খেলায় নিয়োজিত থাকে, তখন তারা অন্যদের কাছে গ্রহণযোগ্য এমন আচরণগুলো শিখতে সাহায্য করার জন্য নিয়মগুলো নিয়ে আলোচনা করবে। উদাহরণস্বরূপ, শিশুরা দোলার জন্য তাদের সময়ের অপেক্ষা করার নিয়ম তৈরি করতে পারে। শিশুদের এমন নিয়ম তৈরিতে সম্পৃক্ত হওয়ার সুযোগ দেওয়া যা প্রত্যেককে নিরাপদে থাকতে, সরঞ্জামের যত্ন নিতে এবং ন্যায্যতা ও ন্যায়পরায়ণতা সমর্থন করতে সাহায্য করে তা তাদের চিন্তাভাবনা এবং সমস্যা সমাধানের দক্ষতাকে সাহায্য করবে এবং তাদের যোগাযোগ ও সামাজিক দক্ষতার বিকাশের পাশাপাশি তাদের সংখ্যাগ্ঞান এবং সাক্ষরতার দক্ষতাকে সাহায্য করবে।

তাদের খেলায়, শিশুরা তাদের বিদ্যমান জ্ঞান এবং ধারণার ভিত্তিতে নতুন ও আকর্ষণীয় উপায় তৈরি করতে পারবে।

শিশুরা কিছু ক্রিয়াকলাপের পুনরাবৃত্তি করতে পারে, যখন ঝুঁকি নেবে এবং দক্ষতা শিখবে এবং অনুশীলন করবে, যেমন;

- নিজে নিজে কোনো উঁচু স্থানে আরোহণ করা
- একটি জিগ-স পাজল আয়ত্ত করা
- তাদের নিজের পোশাক বা আর্ট স্মোক পরিধান করা
- একটি সংকীর্ণ কড়িকাঠে ভারসাম্য বজায় রাখা
- নিজে নিজে কাঁচি ব্যবহার করে
- লাফানো
- দোলার উপর নিজেদের ঠেলা।

এই বড় ও ছোট সাফল্যগুলো শিশুদের, তাদের পরিবার এবং তাদের শিখনে সাহায্যকারী শিক্ষকদের জন্য ফলপ্রসূ হয়।

খেলাধুলা শিশুদের উদযাপন করতে, অর্জন করতে, সফল হতে, ভুল করতে, অনুশীলন করতে, নতুন তথ্য বা দক্ষতা পরীক্ষা করতে, মতামত তৈরি করতে এবং নতুন দক্ষতা ও জ্ঞান অর্জন করতে সুযোগ দেয়।

আপনার সন্তান যেভাবে শিখে তা হলো খেলাধুলা।

### তথ্যসূত্র

Department of Education and Training, 2016. *Victorian Early Years Learning and Development Framework*.